## গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
### পানি সম্পদ মন্ত্রণালয়
### বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড

**প্রকল্প পরিচালক, চর ডেভেলপমেন্ট এন্ড সেটেলমেন্ট প্রজেক্ট-ব্রিজিং (অতিরিক্ত অর্থায়ন) (বাপাউবো অংশ), বাপাউবো**
**এবং**
**মহাপরিচালক, বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড**
**এর মধ্যে স্বাক্ষরিত**

# বার্ষিক কর্মসম্পাদন চুক্তি

১লা জুলাই, ২০২৩ - ৩০ শে জুন, ২০২৪

## সূচিপত্র


| বিষয় | পৃষ্ঠা নং |
|---|---|
| কর্মসম্পাদনের সার্বিক চিত্র | ৩ |
| প্রস্তাবনা | ৪ |
| সেকশন ১: সাধারণ কার্যাবলি | ৫ |
| সেকশন ২: কর্মসম্পাদন পরিকল্পনা | ৬ |
| সংযোজনী ১: শব্দসংক্ষেপ | ৮ |
| সংযোজনী ২: কর্মসম্পাদন সূচকের পরিমাপ পদ্ধতি | ৯ |

# চর ডেভেলপমেন্ট এন্ড সেটেলমেন্ট প্রজেক্ট-ব্রিজিং (অতিরিক্ত অর্থায়ন) (বাপাউবো অংশ) এর কর্মসম্পাদনের সার্বিক চিত্র

## সাম্প্রতিক বছরসমূহের (৩ বছর) প্রধান অর্জনসমূহঃ

'চর ডেভেলপমেন্ট এন্ড সেটেলমেন্ট প্রজেক্ট-ব্রিজিং (অতিরিক্ত অর্থায়ন) (বাপাউবো অংশ)' শীর্ষক প্রকল্পটি বাংলাদেশ সরকার, নেদারল্যান্ডস সরকার এবং IFAD (International Fund for Agricultural Development) এর অর্থায়নে বাস্তবায়িত হচ্ছে। প্রকল্পটির মেয়াদকাল জুলাই ২০১৯ হতে জুন ২০২৩। প্রকল্পটি গত ২১-০৮-২০২০ খ্রিঃ তারিখে একনেক কর্তৃক অনুমোদিত হয়। প্রকল্পের উদ্দেশ্য হলো নতুনভাবে জেগে উঠা উপকূলীয় চর অঞ্চলে বসবাসরত দরিদ্র মানুষের দারিদ্রতা দূরীকরণ, উন্নত ও অধিকতর নিরাপদ জীবনযাত্রার মান নিশ্চিত করা, জলবায়ু পরিবর্তন সহায়ক অবকাঠামো নির্মাণ এবং জলবায়ু উদ্বাস্তুদের ভূমিতে আইনগত অধিকার প্রতিষ্ঠার মাধ্যমে জনগণের জীবন ও জীবিকার নিরাপত্তা প্রতিষ্ঠা করা। বিগত ২০২০-২১, ২০২১-২২, ২০২২-২৩ অর্থবছরে প্রকল্পের অধীনে মোট ৯৬.০০ কিমি খাল খনন/পুনঃখনন কাজ, ৩.৭৪ কিমি রিটায়ার্ড বাঁধ নির্মাণ, ৪.৭২৪ কিমি বাঁধ পুনর্গঠন কাজ, ০.৪০০ কিমি নদী তীর সংরক্ষণ কাজ এবং ৬টি পানি নিয়ন্ত্রণ কাঠামো এর মেরামত কাজ সম্পন্ন হয়েছে।

## সমস্যা এবং চ্যালেঞ্জসমূহঃ

মেঘনা নদীর মরফোলজিক্যাল পরিবর্তনের কারণে প্রকল্প এলাকায় গত কয়েক বছরে তীব্র নদী ভাঙ্গণ পরিলক্ষিত হচ্ছে। নদী ভাঙ্গণের কারণে বয়ারচরে কি.মি. ৫.০০০ থেকে কি.মি.১১.০০০ এর মধ্যবর্তী প্রায় ৪.০০০ কি.মি.বেড়িবাঁধ নদীতে বিলীন হয়ে গিয়েছে। "সিডিএসপি-ব্রিজিং (অতিরিক্ত অর্থায়ন) (বাপাউবো অংশ)" প্রকল্পের অনুমোদিত ডিপিপিতে অন্যান্য প্রধান কার্যক্রমের মধ্যে ১৭.৫০ কিঃমিঃ বিকল্প বেড়িবাঁধ নির্মাণ ও ৩টি রেগুলেটর নির্মাণের সংস্থান রয়েছে। কিন্তু প্রকল্প এলাকার দক্ষিণ ও দক্ষিণ-পূর্ব দিকে নদী ভাঙ্গনের তীব্রতা বৃদ্ধি পওয়ায় বিকল্প বেড়িবাঁধ নির্মাণ ও রেগুলেটর নির্মাণের নিরাপদ স্থান চিহ্নিত করার লক্ষ্যে উক্ত এলাকায় মেঘনা নদীর মরফোলজিক্যাল পরিবর্তন ও নদী ভাঙ্গানের স্বরূপ চিহ্নিতকরণের জন্য Hydromorphological Study পরিচালনা করা হয়েছে। Hydromorphological Study এর পরামর্শক হিসেবে IWM এবং উক্ত Study এর মান ও ফলাফল পরিবীক্ষণের নিমিত্তে আর্ন্তজাতিক পরার্মশক Svasek Hydraulics নিয়োজিত ছিল।

সিডিএসপি-৪ প্রকল্পের অধীনে অধিগ্রহণ প্রস্তাবিত ভূমির একটি উল্লেখযোগ্য অংশ বাঁধসহ নদী ভাঙ্গনের কারণে নদী গর্ভে বিলীন হয়ে গেছে। আইন অনুযায়ী উক্ত ভূমি অধিগ্রহণ ও ক্ষতিগ্রস্থদের ক্ষতিপূরণ বন্টন করা সম্ভব নয়। আইন অনুযায়ী যারা ক্ষতিপূরণের আওতার বাইরে পড়েছে তাদেরকে পুনর্বাসনের আওতায় আনার জন্য প্রকল্পের সর্বোচ্চ নীতিনির্ধারনী সভা "ইন্টার মিনিষ্ট্রিয়াল স্টিয়ারিং" কমিটিতে বিষয়টি উথাপান করে পানি উন্নয়ন বোর্ডের ডিপিপি'তে পুনর্বাসনের বিষয়টি অন্তর্ভূক্ত করে ডিপিপি সংশোধনের জন্য সভায় সিদ্ধান্ত গৃহিত হয়েছে।

Hydromorphological Study এর সুপারিশ অনুযায়ী ডিপিপি সংশোধন করে ১৫/০১/২০২৩ তারিখে পরিকল্পনা কমিশনে প্রেরিত হয়েছে। গত ২৮/০২/২০২৩ খ্রিঃ তারিখে পরিকল্পনা কমিশনে প্রকল্পের প্রস্তাবিত সংশোধিত ডিপিপি এর পিইসি সভা অনুষ্ঠিত হয়। বর্তমানে ডিপিপিটি পরিকল্পনা কমিশনে অনুমোদনের অপেক্ষায় রয়েছে। প্রস্তাবিত ১ম সংশোধনী অনুযায়ী প্রকল্পের মেয়াদকাল জুলাই ২০১৯ হতে জুন ২০২৪।

## ভবিষ্যৎ পরিকল্পনাঃ

Hydromorphological Model Study অনুযায়ী বিকল্প বেড়িবাঁধের জন্য সুপারিশকৃত ১০ বছরের নিরাপদ Alignment এবং রেগুলেটর সমূহের নিরাপদ অবস্থান মাঠ পর্যায়ে চূড়ান্ত করে ভূমি অধিগ্রহণ প্রক্রিয়া শুরু করা হবে। সংশোধিত ডিপিপি অনুমোদনপূর্বক Hydromorphological Study তথ্যের আলোকে বিকল্প/ রিটায়ার্ড বাঁধ ও রেগুলেটর নির্মাণ করা হবে। সংশোধিত ডিপিপি অনুমোদনের পর ক্ষতিগ্রস্থ পরিবারদের পুর্নবাসনের টাকা প্রদান করা হবে।

## ২০২৩-২৪ অর্থ-বছরের সম্ভাব্য প্রধান অর্জনসমূহ

- ৩০.০০ কিঃমিঃ নিষ্কাশন খাল পুনঃখনন;
- ৯.৪০ কিঃমিঃ বাঁধ নির্মাণ কাজ ।

# প্রস্তাবনা

প্রাতিষ্ঠানিক দক্ষতা বৃদ্ধি, স্বচ্ছতা ও জবাবদিহি জোরদার করা, সুশাসন সংহতকরণ এবং সম্পদের যথাযথ ব্যবহার নিশ্চিতকরণের মাধ্যমে রূপকল্প ২০৪১ এর যথাযথ বাস্তবায়নের লক্ষ্যে-

প্রকল্প পরিচালক, চর ডেভেলপমেন্ট এন্ড সেটেলমেন্ট প্রজেক্ট-ব্রিজিং (অতিরিক্ত অর্থায়ন)
(বাপাউবো অংশ), বাপাউবো

এবং

মহাপরিচালক, বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড

এর মধ্যে ২০২৩ সালের জুন মাসের ........১৫..........তারিখে এই বার্ষিক কর্মসম্পাদন চুক্তি স্বাক্ষরিত হল।

এই চুক্তিতে স্বাক্ষরকারী উভয়পক্ষ নিম্নলিখিত বিষয়সমূহে সম্মত হলেন:

## সেকশন ১

### ১.১ সাধারণ কার্যাবলি:

ক) প্রকল্পের মাঠ পর্যায়ের কাজ পরিবীক্ষণ করা।

খ) প্রকল্প সমন্বয়কারী দপ্তর হিসেবে প্রকল্প বাস্তবায়নকারী ৫টি সংস্থার (বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড, স্থানীয় সরকার প্রকৌশল অধিদপ্তর, জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর, ভূমি মন্ত্রণালয় ও বন অধিদপ্তর) কাজ সমন্বয় করা।

গ) বাস্তব চাহিদার ভিত্তিতে ৫টি সংস্থার অর্থ অবমুক্তি ও অর্থ  ছাড় করা।

# সেকশন ২ কর্মসম্পাদন পরিকল্পনা

| কর্মসম্পাদন ক্ষেত্র | ক্ষেত্রের মান | কার্যক্রম | কর্মসম্পাদন সূচক | গণনা পদ্ধতি | একক | কর্মসম্পাদন সূচকের মান | প্রকৃত অর্জন | | লক্ষ্যমাত্রা/নির্ণায়ক ২০২৩-২৪ | | | | | প্রক্ষেপণ | প্রক্ষেপণ |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| | | | | | | | ২০২১-২২ | ২০২২-২৩ * | অসাধারণ | অতি উত্তম | উত্তম | চলতি মান | চলতি মানের নিম্নে | ২০২৪-২৫ | ২০২৫-২৬ |
| | | | | | | | | | ১০০% | ৯০% | ৮০% | ৭০% | ৬০% | | |
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ | ৭ | ৮ | ৯ | ১০ | ১১ | ১২ | ১৩ | ১৪ | ১৫ | ১৬ |
| **কর্মসম্পাদন ক্ষেত্রসমূহ (বিধি/আইন দ্বারা নির্ধারিত দায়িত্ব অনুযায়ী)** | | | | | | | | | | | | | | | |
| [১] নদীর নাব্যতা বৃদ্ধি, বন্যা ব্যবস্থাপনা ও নদী ভাঙ্গন প্রতিরোধ ব্যবস্থা জোরদারকরণ; | ৩০.০০ | [১.১] বাঁধের মাধ্যমে বন্যা ব্যবস্থাপনা | [১.১.১] বাঁধ নির্মাণ | সমষ্টি | কিঃমিঃ | ৩০.০০ | ৩.৭৪ | ০.০০ | ৯.৪০ | ৯.০০ | ৮.৫০ | ৮.০০ | ৭.৫০ | | |
| [২] সেচ ব্যবস্থার সুষম, সমন্বিত ও টেকসই উন্নয়ন; | ৪০.০০ | [২.১] নদ-নদী ও খালের মাধ্যমে বন্যার পানি নিষ্কাশন করে কৃষি সহায়ক পরিবেশ সৃষ্টি | [২.১.১] নিষ্কাশন খাল পুনঃখনন | সমষ্টি | কিঃমিঃ | ৪০.০০ | ৮০.০০ | ১৬.০০ | ৩০.০০ | ২৭.০০ | | | | | |

আমি, প্রকল্প পরিচালক, চর ডেভেলপমেন্ট এন্ড সেটেলমেন্ট প্রজেক্ট-ব্রিজিং (অতিরিক্ত অর্থায়ন) (বাপাউবো অংশ), বাপাউবো হিসেবে বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ডের মহাপরিচালকের নিকট অঙ্গীকার করছি যে এই চুক্তিতে বর্ণিত ফলাফল অর্জনে সচেষ্ট থাকব।

আমি, মহাপরিচালক, বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড হিসেবে বাপাউবো'র চর ডেভেলপমেন্ট এন্ড সেটেলমেন্ট প্রজেক্ট-ব্রিজিং (অতিরিক্ত অর্থায়ন) (বাপাউবো অংশ) এর প্রকল্প পরিচালকের নিকট অঙ্গীকার করছি যে এই চুক্তিতে বর্ণিত ফলাফল অর্জনে প্রয়োজনীয় সহযোগিতা প্রদান করব।

স্বাক্ষরিত:

১৫/০৬/২০২৩

----------------------------------------- -----------------------------

প্রকল্প পরিচালক, চর ডেভেলপমেন্ট এন্ড সেটেলমেন্ট প্রজেক্ট-ব্রিজিং (অতিরিক্ত অর্থায়ন) (বাপাউবো অংশ) — তারিখ

২৫-০১-২০২৩

----------------------------------------- -----------------------------

মহাপরিচালক, বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড — তারিখ

## সংযোজনী-১ শব্দসংক্ষেপ

### বাংলা

| সংক্ষিপ্তরূপ | পূর্ণাঙ্গরূপ |
|---|---|
| পাসম | পানি সম্পদ মন্ত্রণালয় |
| বাপাউবো | বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড |
| এডিপি | বার্ষিক উন্নয়ন কর্মসূচি |
| পওর বিভাগ/ সার্কেল | পরিচালন ও রক্ষণাবেক্ষণ বিভাগ/ সার্কেল |

### ইংরেজি

| সংক্ষিপ্তরূপ | পূর্ণাঙ্গরূপ |
|---|---|
| MoWR | Ministry of Water Resources |
| BWDB | Bangladesh Water Development Board |
| ADP | Annual Development Program |
| RADP | Revised Annual Development Program |
| BDP2100 | Bangladesh Delta Plan 2100 |
| SDG | Sustainable Development Goal |
| PSC | Project Steering Committee |
| PIC | Project Implementation Committee |

## সংযোজনী- ২:
## কর্মসম্পাদন ব্যবস্থাপনা ও প্রমাণক

| ক্রমিক নম্বর | কার্যক্রম | কর্মসম্পাদন সূচক | কর্মসম্পাদন লক্ষ্যমাত্রা অর্জনের প্রমাণক |
|---|---|---|---|
| ১ | [১.১] বাঁধের মাধ্যমে বন্যা ব্যবস্থাপনা | [১.১.১] বাঁধ নির্মাণ | সংশ্লিষ্ট প্রকল্প পরিচালক কর্তৃক স্বাক্ষরিত প্রত্যয়নপত্র ও Project Steering Committee (PSC) এর সভার কার্যবিবরণী |
| ২ | [২.১] নদ-নদী ও খালের মাধ্যমে বন্যার পানি নিষ্কাশন করে কৃষি সহায়ক পরিবেশ সৃষ্টি | [২.১.১] নিষ্কাশন খাল পুনঃখনন | ঐ |